একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত (সংশোধিত)

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd
রাজশাহী শিক্ষা বোর্ড.বাংলা

## জরুরী বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নম্বর : ৫৫২ /জে.এস.সি (নিব:)/বি.প তারিখ: ০৫/০৯/২০২৪ খ্রি:

**বিষয় ঃ ২০২৪ সালে ৬ষ্ঠ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের অনলাইন (eSIF পূরণের মাধ্যমে) রেজিস্ট্রেশন করা প্রসঙ্গে।**

অত্র বোর্ডের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ/ প্রধান শিক্ষককে উপর্যুক্ত বিষয়ের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১. জাতীয় শিক্ষা নীতি ২০১০ খ্রি: অনুযায়ী পরীক্ষা বছরের ১লা জানুয়ারী শিক্ষার্থীর নুন্যতম বয়স ৯+ বছর এবং ৩১ ডিসেম্বরে ১৫ বছর; তবে বিশেষ চাহিদা সম্পন্ন (প্রতিবন্ধি) শিক্ষার্থীদের ক্ষেত্রে এ বয়সসীমা সর্বোচ্চ ২০ বছর।

২. ইন্টারমিডিয়েট এন্ড সেকেন্ডারি এডুকেশন অর্ডিন্যান্স ১৯৬১(১৯৬১ সনের ৩৩ নং আইন) এর ৩৯(২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে শিক্ষা মন্ত্রণালয়ের ২৩/০৪/১৯৯৭ খ্রি: তারিখের শিম/শাঃ১১/বিবিধ-৩৯/৯৬/২৩০/(৬০০) নং স্মারক,৩০/১০/২০২২খ্রি: তারিখের ৩৭.০০.০০০০.০৭২.৩৯.০০২.২০২২.২৭৩ নং স্মারকে এবং ১৩/০৭/২০২৩ খ্রি: তারিখের ৩৭.০০.০০০০.০৭২.৩৯.০০২.২২.১৪৪ নং স্মারকে জারিকৃত বেসরকারি উদ্যোগে শিক্ষা মন্ত্রণালয়ের প্রশাসনিক আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল,কলেজ ও মাদরাসা) স্থাপন,চালুকরণ ও স্বীকৃতি প্রদানের ক্ষেত্রে অনুসরণীয় নীতিমালায় মাধ্যমিক ও উচ্চ ম্যাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী কর্তৃক পাঠদানের অনুমতি ও স্বীকৃতিপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থীরা কেবলমাত্র নিজ শিক্ষা প্রতিষ্ঠানের নামে রেজিস্ট্রেশনের সুযোগ পাবে।

৩. বোর্ড কর্তৃক পাঠদানের অনুমতিবিহীন প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের পার্শ্ববতী বা নিকটতম অনুমোদিত নিম্ন মাধ্যমিক/মাধ্যমিক/স্কুল এন্ড কলেজের মাধ্যমে রেজিস্ট্রেশন করা যাবে। **কোন অবস্থাতেই পাঠদানে অনুমতিবিহীন প্রতিষ্ঠানগুলো নিজ বিদ্যালয়ের মাধ্যমে রেজিস্ট্রেশন করার সুযোগ পাবে না;**

৪. www.rajshahieducationboard.gov.bd ওয়েব সাইটের অন্যান্য ই- সেবা হতে সোনালী সেবা ক্লিক করলে সোনালী সেবা ফরম পাওয়া যাবে। উক্ত ফরমে Registration(eSIF)/ নিবন্ধন ফি সিলেক্ট করার পর সম্পূর্ণ ফরমটি পূরণ করে NEXT - এ ক্লিক করতে হবে। NEXT- এ ক্লিক করার পর ব্যাংকে টাকা জমা-দানের রশিদ পাওয়া যাবে। সেই রশিদ প্রিন্ট করে প্রিন্ট কপিসহ ব্যাংক- এ টাকা জমা দিতে হবে।

৫. শিক্ষা মন্ত্রণালয়ের ১৭/১২/২০২০খ্রি: তারিখের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.৪৪,০২২.১৭.৪৩৬ মোতাবেক ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণী পর্যন্ত ( ২০+২০+২০)= ৬০ টাকা যুব রেড ক্রিসেন্ট ফি নির্ধারণ করা হয়েছে। তন্মধ্যে ৬ষ্ঠ শ্রেণীতে প্রতি শিক্ষার্থীর নিকট হতে ২০ টাকা গ্রহণ করে এর ৬০% অথাৎ ১২(বার) টাকা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে (আলাদা রেডক্রিসেন্ট হিসাব একাউন্টে) যুব রেড ক্রিসেন্ট কার্যক্রম পরিচালনার জন্য রেখে অবশিষ্ট ৪০ শতাংশ অর্থাৎ ০৮ (আট) টাকা শিক্ষা বোর্ডে প্রেরণ করতে হবে।

৬. শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের জন্য তথ্য আপলোড করার লক্ষ্যে স্ব-স্ব প্রতিষ্ঠানের শিক্ষকদের সমন্বয়ে ০৩(তিন) সদস্য বিশিষ্ট একটি রেজিস্ট্রেশন কমিটি গঠন করতে হবে। অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন হবার পর চূড়ান্ত তালিকা ফাইনাল সাবমিটের পূর্বে দায়িত্বপ্রাপ্ত কমিটির সদস্যদের দ্বারা বিদ্যালয়ে রক্ষিত ভর্তি ফরম ও সনদের সাথে মিলিয়ে যথাযথ ভাবে নিশ্চিত করবেন। নিশ্চিত হবার পর ফাইনাল সাবমিট করবেন। রেজিস্ট্রেশন কার্যক্রমে কোন অবস্থায়

শিক্ষার্থীদের নিযুক্ত করা যাবে না। চূড়ান্ত তালিকার প্রিন্ট আউট (হার্ড কপি) প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে এবং জেএসসি নিবন্ধন শাখায় জমা প্রদান করতে হবে। শিক্ষার্থীর তথ্যে ভুল-ত্রুটির জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও কমিটির সদস্যগণ যৌথভাবে দায়ী থাকবেন।

**জনপ্রতি রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি নিম্নরুপঃ**

| রেজিস্ট্রেশন ফি (টাকায়) | রেডক্রিসেন্ট ফি (টাকায়) | মোট জরিমানা ছাড়া (টাকায়) |
|---|---|---|
| ৫০/- | ০৮/ | ৫৮/- |

৭. শিক্ষার্থীদের অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্নের পর তাদের তথ্যের পাশে নিজ নিজ স্বাক্ষর করা চূড়ান্ত তালিকার প্রিন্ট আউট (হার্ড কপি) শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে।

৮. নতুন পাঠদানের অনুমতিপ্রাপ্ত নিম্ন মাধ্যমিক বিদ্যালয় (যে সকল প্রতিষ্ঠান ইতিপূর্বে নিজ নামে জেএসসি পরীক্ষায় অংশগ্রহণ করেনি) ব্যানবেইস হতে EIIN সনদ সংগ্রহ করার পর সোনালী ব্যাংকের সোনালী সেবার মাধ্যমে ১,৫০০/-(এক হাজার পাঁচশত) টাকা জমা দিয়ে বিদ্যালয় শাখার মাধ্যমে Login Passward সংগ্রহ করবে এবং ৬ষ্ঠ শ্রেণীর নিবন্ধনের জন্য ইতিপূর্বে জেএসসি সরবরাহ কৃত Passward - ঐ ব্যবহার করতে হবে।

৯. (ক) শিক্ষার্থীর পিতা / মাতা এসএসসি/সমমানের সনদধারী হলে তাদের মুলসনদ অনুযায়ী পিতা/মাতার নাম এন্ট্রি করতে হবে।
(খ) শিক্ষার্থীর পিতা/মাতা এসএসসি সমমানের সনদধারী না হলে, জন্ম নিবন্ধন /জাতীয় পরিচয়পত্র অনুযায়ী পিতা/ মাতার নাম এন্ট্রি করতে হবে।
(গ) অন্যথায় প্রাথমিক সমাপনি পরীক্ষার পাসের সনদ অনুযায়ী পিতা/মাতার নাম এন্ট্রি করতে হবে।
(ঘ) শিক্ষার্থীর নিজ,পিতা ও মাতার নামের পূর্বে মিস,মিসেস,কুমারী,জনাব,মিঃ,মৌলভী,আলহাজ্ব, অধ্যাপক,ব্যারিষ্টার, ইঞ্জিনিয়ার,কর্ণেল,ড.,ডাঃ, শ্রী,শ্রীমতি, বাবু,মৃত,মরহুম ইত্যাদি পদবী সংযোজন করা যাবে না।
(ঙ) শিক্ষার্থীদের তালিকা ও হার্ডকপি শিক্ষার্থীর পি.ই.সি সনদ,জন্ম নিবন্ধন, পিতা ও মাতার NID মূলে প্রস্তুত করতে হবে।
(ছ) সকল শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতি হাল নাগাদ থাকবে হবে।

১০. বিদ্যালয় কর্তৃপক্ষ শিক্ষার্থীদের সকল তথ্য নিশ্চিত হয়ে ডাটা এন্ট্রি করবে। উল্লিখিত তারিখের মধ্যে শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করতে ব্যর্থ হলে বা একারণে শিক্ষার্থীর কোনো সমস্যা হলে এর দায়- দায়িত্ব প্রতিষ্ঠান প্রাধনকে বহন করতে হবে।

১১. স্বীকৃতি বিহীন/হালনাগাদ স্বীকৃতি নবায়ন নেই এ ধরনের কোন শিক্ষা প্রতিষ্ঠান অনলাইনে রেজিস্ট্রেশন করলে পরবর্তীতে রেজিস্ট্রেশন সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে।

১২. বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে 'বিশেষ চাহিদাসম্পন্ন কি না' তা উল্লেখ করতে হবে এবং প্রমাণ স্বরূপ উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ সংযুক্ত করতে হবে।

১৩. প্রত্যেক শিক্ষার্থীর জন্ম নিবন্ধন সনদ সংযুক্ত করতে হবে।

১৪. যে সকল স্কুল এবং স্কুল ও কলেজ-এর নিম্ন মাধ্যমিক পর্যায়ে হালনাগাদ পাঠদান/একাডেমিক স্বীকৃতি/স্বীকৃতি নবায়নের মেয়াদ নেই সে সকল শিক্ষা প্রতিষ্ঠানকে অতিসত্ত্বর পাঠদান/একাডেমিক স্বীকৃতি/স্বীকৃতি নবায়নের মেয়াদ বৃদ্ধির আবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

১৫. ফি জমাদান ও eSIF ফরম পূরণের বর্ণিত তারিখ নিম্নে দেওয়া হলো।

| ক্রমিক নং | জেলার নাম | সোনালী সেবার মাধ্যমে টাকা জমাদানের শেষ তারিখ | তালিকা সহ সোনালী সেবার রশিদ জমার নির্ধারিত তারিখ | অনলাইনে রেজিস্ট্রেশনের কার্যক্রম শুরুর তারিখ | অনলাইনে রেজিস্ট্রেশনের কার্যক্রম শেষ করার তারিখ | হার্ডকপি জমাদানের শেষ তারিখ |
|---|---|---|---|---|---|---|
| ১ | রাজশাহী | ১০/০৯/২০২৪ হতে ৩০/০৯/২০২৪ | ১৪/১০/২০২৪ | ১১/০৯/২০২৪ | ১০/১০/২০২৪ | ২৭/১০/২০২৪ |
| ২ | পাবনা | | ১৫/১০/২০২৪ | | | |
| ৩ | নাটোর | | ১৬/১০/২০২৪ | | | |
| ৪ | চাঁপাইনবাবগঞ্জ | | ১৭/১০/২০২৪ | | | |
| ৫ | সিরাজগঞ্জ | | ২০/১০/২০২৪ | | | |
| ৬ | বগুড়া | | ২১/১০/২০২৪ | | | |
| ৭ | নওগাঁ | | ২২/১০/২০২৪ | | | |
| ৮ | জয়পুরহাট | | ২৩/১০/২০২৪ | | | |

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে


(মহাঃ জিয়াউল হক)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।
ফোন : ০২৫-৮৮৮৫৫৭৬৮ (অফিস)


স্মারক নম্বর : ২/জে.এস.সি (নিবঃ)/৭৭৪/বি/প তারিখ : ০৫ /০৯/২০২৪খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হ'ল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১। সচিব/পরীক্ষা নিয়ন্ত্রক/উপ-পরিচালক(হিঃ ও নিঃ)/সিনিয়র সিস্টেম এনালিস্ট(চঃদাঃ)/প্রধান মূল্যায়ন অফিসার(চঃদাঃ),উপ-সচিব (প্রশাসন),নিরাপত্তা অফিসার ,শাখা কর্মকর্তা, পত্রগ্রহণ শাখা/হিসাব (আয়) শাখা, সংস্থাপন শাখা/বৃত্তি ও সিলেবাস শাখা, চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, রাজশাহী শিক্ষা বোর্ড।
২। রাজশাহী শিক্ষা বোর্ড কর্তৃক পাঠদানের অনুমতি প্রাপ্ত/স্বীকৃতিপ্রাপ্ত নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক বিদ্যালয়,স্কুল এন্ড কলেজ এবং ৬ষ্ঠ শ্রেণীর পাঠদানের অনুমতি প্রাপ্ত সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক/অধ্যক্ষগণ।
৩। ম্যানেজার, সোনালী ব্যাংক লিঃ, গ্রেটার রোড শাখা, লক্ষীপুর, রাজশাহী।
৪। বাংলাদেশ স্কাউটস রাজশাহী অঞ্চল, নওদাপাড়া, রাজশাহী।
৫। অফিস কপি


বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।
ফোন : ০২৫-৮৮৮৫৫৭৬৮ (অফিস)


**বিঃ দ্রঃ হেলপ লাইন- ০১৯১৬১৪৯৮১৩ ,০১৭৪৯-১৩৬৫৭, ০১৩২৫-০৪০১৯১**